



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
সাধারণ প্রশাসন শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



জরুরি  
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২১.১০৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৭ জুলাই, ২০২১ এর সভা এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-এর ২৫ জুলাই ২০২১ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুসারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও 'জাতীয় শোক দিবস-২০২১' যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন উপলক্ষ্যে অধিদপ্তরাধীন অফিস/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নে বর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো-

ক্র. নং	জাতীয় কর্মসূচি
০১	১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার অধিদপ্তরাধীন সকল অফিস/শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।
০২	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে যথাযোগ্য মর্যাদায় শোক দিবস পালন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহ শতভাগ স্বাস্থ্যবিধি মেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন।
০৩	ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা, বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করা এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৭৫' এর ১৫ আগস্টে সকল শহিদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিলের আয়োজন করা।
০৪	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জেলা ও উপজেলা তথ্য অফিসারের নিকট হতে জাতীয় শোক দিবসের পোস্টার সংগ্রহ করে তা প্রচারের ব্যবস্থা করা এবং যাদের LED বোর্ড রয়েছে সেখানে জাতীয় শোক দিবস সম্পর্কিত তথ্য প্রচারের ব্যবস্থা করা।
০৫	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'অসমাপ্ত আত্মজীবনী', 'কারাগারের রোজনামা', 'সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান', 'আমার দেখা নয়াচীন' ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং বিভিন্ন প্রতিযোগিতায় কৃতি শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
০৬	ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনীভিত্তিক কুইজ প্রতিযোগিতার আয়োজন এবং কলেজ পর্যায়ে জাতীয় শোক দিবস অনুষ্ঠানে তরুণদের প্রতিনিধিত্ব করার সুযোগ করে দেয়া।
০৭	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহে সুবিধাজনক সময়ে ভার্চুয়াল প্ল্যাটফর্মে আলোচনা সভার আয়োজন করা।
০৮	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংশ্লিষ্ট মসজিদে দোয়া মাহফিল ও উপাসনালয়ে উপাসনার আয়োজন করা।
০৯	প্রতিষ্ঠানসমূহ নিজ উদ্যোগে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ যেকোন আয়োজন শতভাগ স্বাস্থ্যবিধি অনুসরণ করে পালন করা।

৯-৮-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী  
পরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা।
- ৩) প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৪) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা-সকল অঞ্চল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬) উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৭) আঞ্চলিক উপপরিচালক-সকল (কলেজ শাখা) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা) (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৯) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১০) প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়-সকল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১১) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার-সকল (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৩) প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ১৪) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ১৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ১৬) সংরক্ষণ নথি।



৯-৮-২০২১

রুপক রায়

সহকারী পরিচালক